

অর্থ ... 13 MAY 1987
পৃষ্ঠা ... 6

২৩ মে বুবার্দ্ধ, ১৩৮৪

উপজেলা পরিক্রমা

বীরগঞ্জ

দিনাজপুর, ১২ মে (সংবাদদাতা)।—
দিনাজপুর শহর থেকে ১৮ মাইল উত্তরে
ঢাকুরগাঁও-দিনাজপুর জেলার মধ্যস্থলে
প্রধান সড়কের পাশেই অবস্থিত
দিনাজপুর জেলার একটি উপজেলার নাম
বীরগঞ্জ।

১১টি ইউনিয়ন, ১৮৭টি মৌজা ও
১৮৭টি গ্রাম নিয়ে গঠিত বীরগঞ্জ
উপজেলার আয়তন। ১৫৮ বর্গমাইল।
উপজেলার লোকসংখ্যা ১,৭৯,৮৮৫
জন। এর মধ্যে পুরুষ ৯২,৪০৬ জন,
মহিলা ৮৭,৪৭৯ জন। এবং পরিবারের
সংখ্যা ৩২,৪২৪টি।

যোগাযোগ
উপজেলা বীরগঞ্জে কোন রেলপথ নেই।
তাই যোগাযোগের ক্ষেত্রে একমাত্র মাধ্যম
হচ্ছে সড়কপথ। বীরগঞ্জের উভয়দিক
হতে আগত সকল বাসকেই বীরগঞ্জ
অতিক্রম করতে হয়। এবং উপজেলা
শহরটি প্রধান সড়কের পাশে অবস্থিত
হওয়ায় সকল বাস-ট্রাক থামে। ফলে
যোগাযোগ অবস্থা মোটামুটি
সঙ্গোষ্জনক। এ উপজেলায় পাকা সড়ক
আছে ২৬ মাইল, হেরিংবণ্ণ ১০ মাইল ও
কাচা রাস্তা রয়েছে ৩৩৫ মাইল।

কৃষি
এ উপজেলায় কৃষিকীৰ্তিৰ সংখ্যা হচ্ছে
প্রায় ১৫,০০৯ জন। মোট জমি
১,০০,৪৮০ একর। এর মধ্যে মোট
আবাদী জমি ৯৬,৯৪৫ একর।
সেচ সুবিধার জন্য গভীর নলকূপ রয়েছে
৫৩টি, শালো টিউবওয়েল রয়েছে
২৬০টি, পাওয়ার পাম্প রয়েছে ৬৫টি,
হস্তচালিত টিউবওয়েল রয়েছে ৬৬৬টি।
খাদ্যশস্য, সার ও পাটি সংরক্ষণের জন্য
গুদাম রয়েছে যথাক্রমে খাদ্যগুদাম ১০টি,
সার গুদাম ২টি, পাটি গুদাম ২টি ও

অন্যান্য ২টি। এছাড়াও মাছ চাষ উপযুক্ত
পুকুর ৫৪৯টিসহ পোনা পুকুর রয়েছে
৫টি।

শিল্প
বীরগঞ্জ উপজেলা কৃষিনির্ভর হলেও এ
উপজেলা শিল্পের দিকে অন্যান্য
উপজেলার হতে পিছিয়ে নেই। এ
উপজেলায় ছোট-খাট কলকারখানা
১১৭১টি।

শিক্ষা
উপজেলা বীরগঞ্জে প্রয়োজনের তুলনায়
অল্প শিক্ষা প্রতিষ্ঠান থাকায় এখানকার
শিক্ষার দ্বারা সকলের জন্য উচ্চুক্ত নয়।
ফলে শিক্ষিতের হারটি অন্যান্য
উপজেলার চাইতে অনেক কম। এ
উপজেলায় প্রাইমারী স্কুলের সংখ্যা হচ্ছে
১০৬টি, জুনিয়র হাই স্কুলের সংখ্যা হচ্ছে
৪টি, হাই স্কুল ১৪টি, কলেজ ১টি ও
মাদ্রাসা ৪টি।

মোট হাত-ছাতীর সংখ্যা হচ্ছে ১৫,১৪৭
জন। এ উপজেলায় শিক্ষিতের হার
১৮.৬%। এছাড়াও রয়েছে ২৪৩টি
মসজিদ, ৪০টি মন্দির ও ১টি গীর্জা।

স্বাস্থ্য
উপজেলার ১,৭৯,৮৮৫ জন সোকের
জন্য রয়েছে মাত্র ১টি স্বাস্থ্য কেন্দ্র।
এতেও থাকে না ডাক্তার, নেই এস্টেলেক্স,
নেই প্রয়োজনীয় শয়া। ফলে
উপজেলাবাসীকে জেলা শহরের উপরই
নির্ভর করতে হয়। পরিবার পরিকল্পনা
কেন্দ্র রয়েছে ১টি। হস্তচালিত নলকূপ
রয়েছে ১২০১টি।

হাট-বাজার
উপজেলা সদরের একটি নিয়মিত হাটসহ
মোট হাট-বাজারের সংখ্যা হচ্ছে ৪১টি।
এছাড়াও রেষ্ট হাটস ১টি, বাংক ৫টি,
সাব-রেজিস্ট্রি অফিস ১টি রয়েছে।